

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচী-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৫.১৩-৫৩৫

তারিখঃ

০৭ ডিসেম্বর, ২০১৭


২৩ অগ্রহায়ণ, ১৪২৪

বিষয়ঃ জিআর চাল ও ক্যাশ ব্যবহার/বন্টন এবং ইজিপিপি বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও মন্ত্রণালয় হতে দুর্যোগ পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে মানবিক সহায়তা কর্মসূচির মাধ্যমে দুর্যোগে/অগ্নিকান্ডে/দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত জনসাধারণের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও জরুরী ত্রাণ সহায়তা হিসেবে জিআর চাল ও ক্যাশ জেলা প্রশাসকগণের অনুকূলে থোক হিসেবে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত থোক বরাদ্দ থেকে জেলা প্রশাসকগণ দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনসাধারণকে তাৎক্ষণিক জরুরী মানবিক সহায়তা হিসেবে পরিবার প্রতি ১০ থেকে ৩০ কেজি হারে জিআর চাল ও ক্যাশ বিতরণ করে থাকেন।

২। ২০১৭-১৮ অর্থ বছরে মন্ত্রণালয় হতে জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দকৃত জিআর চাল ও ক্যাশ কোন প্রেক্ষিতে, কোন অবস্থায়, কোন পরিস্থিতিতে এবং কিভাবে জিআর চাল ও ক্যাশ ব্যবহার/বন্টন করেন তার বিস্তারিত হিসাব বিবরণ এবং একই সাথে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি) এর বাস্তবায়ন কার্যক্রম সরেজমিনে নিয়মিতভাবে মনিটরিং করণ ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রয়োজন।

৩। এমতাবস্থায়, জেলা প্রশাসকগণ কোন প্রেক্ষিতে, কোন অবস্থায়, কোন পরিস্থিতিতে এবং কিভাবে জিআর চাল ও ক্যাশ ব্যবহার/বন্টন করেন তার একটি বিস্তারিত বিবরণসহ ইজিপিপির বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ হোসেন)
উপ-সচিব (ত্রাণ)
ফোনঃ ৯৫৭০০৪০
ds1relief@gmail.com

১। বিভাগীয় কমিশনার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

২। জেলা প্রশাসক
..... (সকল)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি বিভাগীয় কমিশনার/ জেলা প্রশাসকগণ বরাবর ই-মেইল/ফ্যাক্স মারফত প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ।
- ৬। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।